

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০।

www.bb.org.bd

০২ বৈশাখ, ১৪২২

তারিখঃ-----

১৫ এপ্রিল, ২০১৫

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৫-০৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের

প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

LC ও LCA ফরমে পণ্যের সঠিক বর্ণনা ও H.S. Code উল্লেখ প্রসঙ্গে।

কাস্টমস হাউস বেনাপোল, যশোর কর্তৃক ইস্যুকৃত ১৬/০৩/২০১৫ তারিখের পত্র (কপি সংযুক্ত) এবং অত্র বিভাগের ০৫/০৫/২০১৪ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং-৭ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

কাস্টমস হাউস বেনাপোল, যশোর কর্তৃক ইস্যুকৃত উল্লিখিত পত্র হতে জানা যায়, বেনাপোল কাস্টম হাউসে আমদানিকৃত পণ্য চালান খালাসের জন্য দাখিলকৃত LC ও LCA ফরমে প্রায়শঃই পণ্যের সঠিক H.S. Code ও সুনির্দিষ্ট নাম ও সঠিক বর্ণনা থাকেনা। আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ এর অনুচ্ছেদ-৫ অনুযায়ী সঠিক ভাবে পণ্যের H.S. Code উল্লেখ না করে ব্যাংক কর্তৃক কোন এলসি অথরাইজেশন ফরম ইস্যু বা ঋণপত্র ইস্যু করতে পারবে না। অত্র বিভাগ কর্তৃক ০৫/০৫/২০১৪ তারিখে জারিকৃত সার্কুলার পত্র নং-০৭ এ অনুরূপ পরামর্শ দেয়া হয়েছিল। উক্ত নির্দেশনাসমূহ সঠিকভাবে পরিপালন হচ্ছেনা মর্মে কাস্টমস হাউস বেনাপোল, যশোরের পত্র হতে প্রতীয়মান হচ্ছে।

এমতাবস্থায়, আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ এর অনুচ্ছেদ-৫ এর নির্দেশনা মোতাবেক LCA ফরম/ LC ইস্যুর সময় সঠিকভাবে পণ্যের H.S. Code ও সুনির্দিষ্ট নাম/বর্ণনা ইত্যাদি সন্নিবেশ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

(মো: জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, বেনাপোল
যশোর

28/09/2015
স্বাক্ষর

নথি নং- ৫ম/কাস/১২(০৭) বিবিধ/যোগা/বেনা/০৫(অংশ-১)/২০১১/১৪১৫ (১)

তারিখ : ১/০৩/২০১৫ খ্রিঃ

প্রেরক : কমিশনার অব কাস্টমস

প্রাপক : মহা ব্যবস্থাপক
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

DD (Exportation)

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(জিএম শাখা)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ডায়েরী নং... ২৬৭০
তারিখ... ২৪/৯/১৫

বিষয় : LC ও LCA ফরমে পণ্যের সঠিক বর্ণনা ও H.S.Code উল্লেখ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। সঠিকভাবে পণ্যের H.S.Code উল্লেখ না করে কোন এলসি অথরাইজেশন ফরম ইস্যু বা ঋনপত্র খোলা যাবেনা মর্মে আমদানি-নীতি আদেশ ২০১২-১৫ এর অনুচ্ছেদঃ ৫ এ শর্তারোপ করা আছে। অথচ বেনাপোল কাস্টম হাউস এর মাধ্যমে আমদানিকৃত পণ্য চালান খালাস এর জন্য যে সকল LC ও LCAF দাখিল করা হয় তাতে প্রায়শঃই দেখা যায় যে, পণ্যের সঠিক H.S.Code ও সুনির্দিষ্ট নাম বা সঠিক বর্ণনা থাকে না। এতে প্রতীয়মান হয় যে, অথরাইজড ডিলার ব্যাংকগুলো আমদানি-নীতি আদেশ এর এই বাধ্যবাধকতা প্রতিপালন না করেই দায়সারাভাবে LC খুলছে ও LCAF ইস্যু করেছে। এতে একদিকে আমদানি-নীতি আদেশ লংঘন হচ্ছে, অপরদিকে শুঙ্কায়নসহ পণ্য খালাস কার্যক্রমে বিভিন্ন জটিলতার সৃষ্টি হচ্ছে, যা সঠিক পরিমাণ রাজস্ব আদায়েও অনেক ক্ষেত্রেই প্রতিবন্ধক হিসেবে কাজ করে থাকে।

এমতাবস্থায়, LC, LCAF ইস্যুকারী ব্যাংক কর্তৃক আমদানি-নীতি আদেশের উক্ত বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক পণ্যের সঠিক H.S.Code ও সুনির্দিষ্ট নাম/ বর্ণনা উল্লেখ করে যেন LCA ফরম ইস্যু ও ঋনপত্র খোলা হয়, সে বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা দিতে আপনাকে অনুরোধ করা হলো। এতে শুঙ্কায়ন প্রক্রিয়ায় জটিলতা অনেকাংশে কমে গিয়ে পণ্যখালাস দ্রুত হওয়ার পাশাপাশি যথাযথ পরিমাণ রাজস্ব আদায় নিশ্চিত করতে সহায়ক হবে।

স্বাক্ষর
২৪/৯/১৫
২০১৫

[এ এফ এম আবদুল্লাহ খান]
কমিশনার অব কাস্টমস
ফোনঃ ০৪২২৮-৭৫৩৩৩

নথি নং- ৫ম/কাস/১২(০৭) বিবিধ/যোগা/বেনা/০৫(অংশ-১)/২০১১/

স্বাক্ষর
২৪/৯/১৫

তারিখ : ১/০৩/২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো :

- ১। সদস্য- গ্রেড-১ (শুঙ্ক: নীতি ও বাজেট), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক,
- ৩। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (চেয়ারম্যান মহোদয় এর সদয় অবগতির জন্য)।

[এ এফ এম আবদুল্লাহ খান]
কমিশনার অব কাস্টমস
ফোনঃ ০৪২২৮-৭৫৩৩৩